~~177~~ 35

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 APR 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

# এসএসসি ॥ ইংরেজী ২য় পত্রের পরীক্ষায় ৮ শতাধিক বহিষ্কৃত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বুধবার) ১৯৯৫ সালের এস এস সি ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে প্রায় ৮ শতাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। কোথাও কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। তবে পরীক্ষায় অসদুপায় অবলম্বনে সহযোগিতা করার অভিযোগে নওগাঁ ও পাবনা জেলার দুইটি কেন্দ্র হইতে দুইজন শিক্ষককে বহিষ্কার করা হয়। গতকালও দিনাজপুর জেলায়

(১১শ পৃঃ ২-এর কঃদ্রঃ)

## এসএসসি

( ১ম পৃঃ পর )

সর্বোচ্চ সংখ্যক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। এই সংখ্যা ১৩১।

ঢাকা বোর্ড সূত্রে জানা যায়: মোট বহিষ্কারের সংখ্যা ১৭২। তন্মধ্যে ঢাকা জেলার সাভারে ৪ জন, নরসিংদী জেলায় ২৪ জন, মুন্সিগঞ্জ জেলায় ৩ জন, মানিকগঞ্জ জেলায় ৪৩ জন, টাঙ্গাইল জেলায় ২৪ জন, ফরিদপুর জেলায় ৬ জন, মাদারীপুর জেলায় ১৬ জন, শরীয়তপুর জেলায় ৯ জন, রাজবাড়ি জেলায় ৫ জন, গোপালগঞ্জ জেলায় ৯ জন, জামালপুর জেলায় ১৪ জন, কিশোরগঞ্জ জেলায় ১৫ জন বহিষ্কৃত হয়। বোর্ডের টেলিফোন সংযোগ কয়েকঘন্টা বিচ্ছিন্ন থাকায় গাজীপুর, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা ও শেরপুর জেলার তথ্য বোর্ড দিতে পারে নাই।

কুমিল্লা সংবাদদাতা জানান, মোট বহিষ্কারের সংখ্যা ২১১। তন্মধ্যে কুমিল্লা জেলায় ৬২ জন। চট্টগ্রাম জেলায় ১০৫ জন, বান্দরবন জেলায় ২ জন, কক্সবাজার জেলায় ১১ জন, মৌলভী বাজার জেলায় ৮ জন, হবিগঞ্জ জেলার ৪ জন, সুনামগঞ্জ জেলায় ৬ জন, ব্রাহ্মণবাড়ীয়া জেলায় ৮ জন, বহিষ্কৃত হয়।

রাজশাহী অফিস ॥ ১৩টি জেলায় ৩৪১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। ইহাছাড়া পরীক্ষার হলে নকল সরবরাহের অভিযোগে নওগাঁ ও পাবনা জেলার দুইটি কেন্দ্র হইতে দুইজন শিক্ষক বহিষ্কৃত হইয়াছে। গতকালও সবচেয়ে বেশী বহিষ্কৃত হয় দিনাজপুর জেলা হইতে। এই সংখ্যা ১৩১। গতকাল ১২০ জন পরীক্ষার্থী হলে অনুপস্থিত ছিল। ইহার মধ্যে বগুড়া জেলায় অনুপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৯১। জেলাওয়ারী বহিষ্কৃতের সংখ্যা হইল নবাবগঞ্জ ১, নাটোর ৪, নওগাঁ ১২, পাবনা ১০, বগুড়া ৩৪, গাইবান্ধা ২৯, নীলফামারী ৪, কুড়িগ্রাম ৩৩, লালমনিরহাট ৪, দিনাজপুর ১৩১, রংপুর ৩৪, ঠাকুরগাঁ ২৪ ও পঞ্চগড় ২১।

যশোর বোর্ড জানায়: যশোর জেলায় ৮জন, ঝিনাইদহ জেলায় ৯জন, মেহেরপুর জেলায় ৫জন, চুয়াডাঙ্গা জেলায় ১জন, কুষ্টিয়া জেলায় ৭জন, নড়াইল জেলায় ১২ জন, বরগুনা জেলায় ৩জন, পিরোজপুর জেলায় ১ জন, বাগেরহাট জেলায় ৩ জন ও বরিশাল জেলায় ৮ জন বহিষ্কৃত হইয়াছে। উল্লেখ্য, যশোর বোর্ড গতকালও বহিষ্কারের সর্বশেষ তথ্য দিতে পারে নাই। বোর্ডের একজন কর্মকর্তা বলেন, দূর-দুরান্তের কেন্দ্র হইতে বোর্ডে তথ্য পৌঁছাইতে প্রতিদিন বিলম্ব ঘটিতেছে।

রাঙ্গুনিয়া সংবাদদাতা ॥ আজ এসএসসি পরীক্ষার চতুর্থ দিন ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে রাঙ্গুনিয়া উচ্চ বিদ্যালয় কেন্দ্র হইতে ৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।

আমাদের সংবাদদাতাগণ জানান, গত বুধবার এসএসসি ইংরেজী ২য় পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে রংপুরে ৩৫ জন, কুমিল্লায় ৬২ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ৫ জন, বান্দরবানে ২ জন, কক্সবাজারে ১১ জন, মৌলবীবাজারে ৮ জন, হবিগঞ্জে ৪ জন, সুনামগঞ্জে ৬ জন, খাগড়াছড়িতে ৮ জন, চট্টগ্রামে ১০৫ জন, রাজবাড়ীতে ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।